

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৫.১৫-৫৩৭


তারিখ : ১৬ ভাদ্র, ১৪২৩
৩১ আগস্ট, ২০১৬

বিষয় : সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক হোল্ডিং ট্যাক্স আদায় থেকে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন(বিসিক) এর শিল্পনগরীকে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : (১) শিল্প মন্ত্রণালয় এর পত্র নং-৩৬.০০.০০০০.০৬৫.১৪.০১৯.১০(অংশ-১)-২৩৬, তারিখ : ০৪/০৮/২০১৬খ্রি:।
(২) ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৫.১৫-৪৭৪, তারিখ : ১০/০৯/২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গত ০৯/০৯/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণপূর্বক তাঁর জেলার যেসকল ইউনিয়ন পরিষদে বিসিক শিল্পনগরী আছে সেসকল ইউনিয়ন পরিষদে সভার সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০২(দুই) পাতা।


(মো: মাহাবুবুর রহমান)
উপ-সচিব
ফোন : ৯৫১৪১৯০

১. জেলা প্রশাসক(সকল)
-----জেলা।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার(ডিডিএলজি)
-----জেলা।

অনুলিপি :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সহকারী সচিব, স্বাশাসিত সংস্থা-বিসিক শাখা, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পঞ্জীকরণ ও সমন্বয় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

বিষয় : সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক হোল্ডিং ট্যাক্স আদায় থেকে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর শিল্পনগরীসমূহকে অব্যাহতি প্রদান বিষয়ে সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ
তারিখ : ০৯ সেপ্টেম্বর, ২০১৫, সময় : সকাল-১০.৩০ টা
স্থান : স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (ইউপি) সভার প্রেক্ষাপট বর্ণনা করেন। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর পরিচালক জনাব নূরুল ইসলাম জানান যে, বিসিক শিল্পনগরীসমূহে সার্ভিস অনুযায়ী ট্যাক্স নির্ধারণ করা প্রয়োজন। তিনি আরো বলেন যে, বিসিক এর আওতাভুক্ত শিল্পনগরীসমূহে হোল্ডিং ট্যাক্স নির্ধারণের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিসিক এর সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

শিল্প মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মনজুর আলম ভূঞা উল্লেখ করেন যে, বিসিক এর শিল্পনগরীগুলোর রাস্তা, ড্রেন, কালভার্ট, বিদ্যুৎ ও পানি সরবরাহ লাইন এবং অন্যান্য অবকাঠামো বিসিকের মাধ্যমে নির্মাণ করা হয়। শিল্প নগরীর উদ্যোক্তাগণ এসব অবকাঠামো ব্যবস্থাপনার জন্য বিসিককে নিয়মানুযায়ী সার্ভিস চার্জ প্রদান করে থাকেন। কিন্তু দেখা যায় যে, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক কারখানা/স্থাপনা ভিত্তিক ট্যাক্স আরোপ করা হয়। বিসিক শিল্পনগরীসমূহে স্থাপিত শিল্প কারখানাগুলো সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ হতে কোন সুযোগ সুবিধা ভোগ না করলেও উদ্যোক্তাগণ এইরূপ দ্বৈতকরের সম্মুখীন হচ্ছেন। তিনি বিসিক শিল্পনগরীর হোল্ডিং সমূহের ট্যাক্স বিসিকের নিকট থেকে বিসিক এস্টেট হিসেবে আদায়ের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান এবং বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত হোল্ডিং ট্যাক্স আদায় স্থগিত রাখার অনুরোধ জানান।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১. স্থানীয় সরকার প্রতিষ্ঠান সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদসমূহ সংশ্লিষ্ট এলাকায় অবস্থিত বিসিক শিল্পনগরীতে প্রদত্ত সার্ভিস অনুযায়ী ট্যাক্স নির্ধারণ করবে। যে সার্ভিস প্রদান করা হচ্ছে না তার ট্যাক্স দাবী করা যাবে না।
২. বিসিককে একক এস্টেট বিবেচনা করে হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করতে হবে।
৩. সিটি কর্পোরেশন ও পৌরসভার ক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিনিউ অফিসার বিসিক শিল্পনগরীর কর্মকর্তার সাথে সম্মিলিতভাবে আলোচনাক্রমে ট্যাক্স নির্ধারণ/পুনঃনির্ধারণ করবেন। ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে বিসিক শিল্পনগরীর কর্মকর্তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সাথে আলোচনাপূর্বক ট্যাক্স নির্ধারণ করবেন।

৪. বিসিক কর্তৃপক্ষ আগামী ৩ মাসের মধ্যে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদের সাথে আলোচনা করে যৌথভাবে ট্যাক্স নির্ধারণ করবে এবং এ সংক্রান্ত অগ্রগতি স্থানীয় সরকার বিভাগকে অবহিত করবে।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুল মালেক)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৫. ১৫- ৪৭৪

তারিখঃ ২৬ ভাদ্র ১৪২২
১০ সেপ্টেম্বর, ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. সচিব, শিল্প মন্ত্রণালয়; মতিঝিল, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), মতিঝিল, ঢাকা।
৫. যুগ্মসচিব, সিটি কর্পোরেশন/ উপজেলা/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ, স্থানীয় সরকার বিভাগ।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪১৯০